

🗏 ইবরাহীম | Ibrahim | إِبْرَاهِيم

আয়াতঃ ১৪: ৪৯

া আরবি মূল আয়াত:

وَ تَرَى المُجرِمِينَ يَومَئِذٍ مُّقَرَّنِينَ فِي الاصفادِ ﴿٢٩﴾

🗚 অনুবাদসমূহ:

আর সে দিন তুমি অপরাধীদের দেখবে তারা শিকলে বাঁধা। — আল-বায়ান
সেদিন তুমি অপরাধীদেরকে দেখবে শৃঙ্খলে তাদের হাত পা শক্ত করে বাঁধা। — তাইসিরুল
সেদিন তুমি অপরাধীদেরকে দেখবে শৃংখলিত অবস্থায়। — মুজিবুর রহমান

And you will see the criminals that Day bound together in shackles, — Sahih International

৪৯. আর সেদিন আপনি অপরাধীদেরকে দেখেবেন পরস্পর শৃংখলিত অবস্থায়(১),

(১) অর্থাৎ যেদিন সমস্ত মানুষ মহান বিচারপতি আল্লাহর সামনে সম্পূর্ণরূপে প্রকাশিত হবে। তখন যদি আপনি অপরাধীদের দিকে দেখতেন যারা কুফরি ও ফাসাদ সৃষ্টি করে অপরাধ করে বেড়িয়েছে, তারা সেদিন শৃঙ্খলিত অবস্থায় থাকবে। [ইবন কাসীর] এখানে কয়েকটি অর্থ হতে পারে, একঃ কাফেরগণকে তাদের সমমনা সাথীদের সাথে একসাথে শৃংখলিত অবস্থায় রাখা হবে। [ইবন কাসীর] যেমন অন্য আয়াতে এসেছে, "(ফেরেশতাদেরকে বলা হবে,) একত্র কর যালিম ও তাদের সহচরদেরকে এবং তাদেরকে যাদের ইবাদাত করত তারা—" [সূরা আসসাফফাত: ২২] আরও এসেছে, "আর যখন দেহে আত্মাসমূহ সংযোজিত হবে।" [সূরা আত-তাকওয়ীরঃ ৭] যাতে করে শান্তি বেশী ভোগ করতে পারে। কেউ কারো থেকে পৃথক হবে না। পরস্পরকে কঠোর শান্তির সম্মুখীন হতে হবে। দুইঃ তারা নিজেদের হাত ও পা শৃংখলিত অবস্থায় জাহান্নামের শান্তি ভোগ করতে থাকবে। [কুরতুবী] তিনঃ কাফের ও তাদের সাথে যে শয়তানগুলো আছে সেগুলোকে একসাথে শৃংখলিত করে রাখা হবে। [বাগভী; কুরতুবী] এমনও হতে পারে যে, সব কয়টি অর্থই এখানে উদ্দেশ্য।

তাফসীরে জাকারিয়া

(৪৯) সেদিন তুমি অপরাধীদেরকে দেখবে শিকল দ্বারা বাঁধা অবস্থায়।

তাফসীরে আহসানুল বায়ান



hadithbd.com — কুরআন — ইবরাহীম | Ibrahim | إِبْرًاهِيم

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1799

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন